রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

২০২২ সনের ২৭ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ৭, ২০২২

সূচিপত্র


| | | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১ম | খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৩৪৫—৩৪৮ |
| ২য় | খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৮৬৯—৯১৯ |
| ৩য় | খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ | খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম | খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ | খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৬৩৫—৬৪৬ |
| ৭ম | খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম | খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| | **ক্রোড়পত্র—সংখ্যা** | নাই |
| (১) | . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| (২) | . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) | . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) | . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) | . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) | ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**জাতীয় রাজস্ব বোর্ড**
**[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৩ ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ/১৬ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিঃ

নং **০০৮/২০২২/কাস্টমস/৬২**—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section 13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকায় অবস্থিত মেসার্স মাসুদ এন্টারপ্রাইজ (বন্ড লাইসেন্স ১৮৮৯/কাস-এসবিডব্লিউ/২০১৮, তারিখ : ১৫-০৩-২০১৮ খ্রিঃ) নামীয় শুল্কমুক্ত বিপণীর অনুকূলে ২০২১-২০২২ অর্থবছরের জন্য নিম্নবর্ণিত আমদানি প্রাপ্যতা নির্ধারণ করিল, যথা :

| ক্র. নং | আমদানিকৃত পণ্য | ২০২১-২০২২ অর্থবছরের জন্য সুপারিশ (মার্কিন ডলার) |
|---|---|---|
| ১. | সিগারেট, সিগার ও টোব্যাকো | ৪৫,৭৭৩.০০ |
| ২. | লিকার ও অন্যান্য ড্রিংকস | ৮০,০০০.০০ |
| ৩. | কসমেটিক্স ও টয়লেট্রিজ সামগ্রী | ০.০০ |
| ৪. | কনফেকশনারী, ইলেকট্রনিক্স সামগ্রী, গিফট আইটেম, জুয়েলারী ও নন অ্যালকোহলিক বেভারেজ | ০.০০ |
| | সর্বমোট = | ১,২৫,৭৭৩.০০ (এক লক্ষ পঁচিশ হাজার সাতশত তিয়াত্তর) |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ মশিয়ার রহমান মন্ডল**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক, (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রীয় ব্যাংক শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৭ মাঘ ১৪২৮/৩১ জানুয়ারি ২০২২

নং **৫৩.০০.০০০০.৩১১.১১.০৩০.২০-৫৬**—Bangladesh House Building Finance Corporation (Amendment) Act, 2021 দ্বারা প্রতিস্থাপিত Bangladesh House Building Finance Corporation Order,1973, এর Article 7(c) অনুযায়ী 'অর্থ বিভাগের প্রতিনিধি' ক্যাটাগরিতে ড. নাছিমা আকতার, যুগ্মসচিব, অর্থ বিভাগ-কে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন (বিএইচবিএফসি) এর পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে তাঁর যোগদানের তারিখ থেকে ৩ (তিন) বছর (মনোনয়ন প্রদানকারী বিভাগে কর্মরত থাকা সাপেক্ষে) এর জন্য নিয়োগ প্রদান করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জেহাদ উদ্দিন**

উপসচিব।

---

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০২ ফাল্গুন ১৪২৮/১৫ ফেব্রুয়ারি ২০২২

নং **৩৯.০০.০০০০.০০৭.০৬.০০৯.১৮-২৯**—বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর-এর "পরিচালনা বোর্ড" নিম্নরূপে পুনর্গঠন করা হলো :

**সভাপতি**

(ক) সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(খ) জনাব সুলেখা রাণী বসু, অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ

(গ) জনাব মোঃ আঃ রাজ্জাক সরকার, যুগ্মসচিব (পিএসিসি), জনপ্রশাসন মন্ত্রণালয়।

(ঘ) অতিরিক্ত সচিব (বিপ্রউ), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

(ঙ) চেয়ারম্যান, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান।

(চ) চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন

(ছ) অধ্যাপক ড. চন্দ্রনাথ পোদ্দার, গণিত বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

(জ) অধ্যাপক ড. খন্দকার সাব্বির আহমেদ, স্থাপত্য বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়।

(ঝ) চেয়ারম্যান, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ।

(ঞ) (ক) প্রফেসর তোফায়েল আহমেদ, কৃষি বনায়ন ও পরিবেশ বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, সালনা, গাজীপুর।

(খ) প্রফেসর ড. মো. খালেদ হোসেন, প্রাণরসায়ন ও অনুপ্রাণবিজ্ঞান বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।

(গ) অধ্যাপক ড. এ. এ মামুন, পদার্থ বিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।

**সদস্য-সচিব**

(ট) মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর।

২। জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর আইন, ২০১০ এর ৫(১) উপধারা এ বর্ণিত বিধান অনুসারে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিচালনা বোর্ড পুনর্গঠন করা হলো।

৩। পরিচালনা বোর্ডের সদস্যগণ জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর আইন, ২০১০ (২০১০ সনের ৯নং আইন)-এর বিধান অনুসারে প্রয়োজনীয় কার্যাবলী সম্পাদন করবেন।

৪। সদস্যগণ তাদের মনোনয়নের তারিখ থেকে ৩ (তিন) বছর মেয়াদের জন্য সদস্য পদে বহাল থাকবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ গোলাম মোস্তফা**

উপসচিব।

---

**ধর্ম বিষয়ক মন্ত্রণালয়**
**সংস্থা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৯ মাঘ ১৪২৮/০২ ফেব্রুয়ারি ২০২২

নং **১৬.০০.০০০০.০০৪.১৮.২২৪.১৯-৬৩**—ইমাম ও মুয়াজ্জিন কল্যাণ ট্রাস্ট আইন, ২০০১-এর ৬ ধারা মোতাবেক সরকার কর্তৃক নিম্নবর্ণিত ব্যক্তিবর্গের সমন্বয়ে ইমাম ও মুয়াজ্জিন কল্যাণ ট্রাস্টের ট্রাস্টি বোর্ড পুনর্গঠন করা হলো :

| ক্র. নং | নাম ও ঠিকানা | পদবী |
|---|---|---|
| ১. | সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | চেয়ারম্যান (পদাধিকার বলে) |
| ২. | মহাপরিচালক ইসলামিক ফাউন্ডেশন | ভাইস-চেয়ারম্যান (পদাধিকার বলে) |
| ৩. | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত অন্যূন উপসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা। | সদস্য |
| ৪. | জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক মনোনীত অন্যূন উপসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা। | |
| ৫. | অর্থ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত অন্যূন উপসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা। | |
| ৬. | জনাব মাওলানা ফরীদ উদ্দিন মাসউদ, গ্র্যান্ড ইমাম, শোলাকিয়া ঈদগাহ, খতীব, হাজীপাড়া ঝিলপাড় জামে মসজিদ, রামপুরা, ঢাকা। | |
| ৭. | জনাব হাফেজ মাওলানা মুফতী আবু সালেহ মুহাম্মাদুল্লাহ ইমাম ও খতীব, মিরপুর ১১ নং বাস ষ্ট্যান্ড জামে মসজিদ, মিরপুর, ঢাকা। | |
| ৮. | জনাব এহসানুল্লাহ সন্দ্বীপী ইমাম ও খতীব, ১১ নং সেক্টর বায়তুন নূর জামে মসজিদ, উত্তরা, ঢাকা। | |
| ৯. | পরিচালক, ইমাম প্রশিক্ষণ একাডেমী | সদস্য-সচিব (পদাধিকার বলে) |

২। অন্য কোনরূপ আদেশ জারি না হলে এ বোর্ড অব ট্রাস্টির মেয়াদকাল প্রজ্ঞাপন জারির তারিখ হতে পরবর্তী ৩ (তিন) বৎসর পর্যন্ত বলবৎ থাকবে।

৩। উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে সরকার শুনানির যুক্তিসংগত সুযোগ প্রদান করে যে কোনো সময় যে কোনো সদস্যকে তাঁর দায়িত্ব থেকে অব্যাহতি প্রদান করতে পারবে কিংবা সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে উক্তরূপ কোনো সদস্য স্বীয় পদ ত্যাগ করতে পারবেন; তবে সরকার কর্তৃক গৃহীত না হওয়া পর্যন্ত উক্ত পদত্যাগ কার্যকর হবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ তফিকুল ইসলাম**

সহকারী সচিব।

**বাণিজ্য মন্ত্রণালয়**
**রপ্তানি-১ অধিশাখা**

**গণবিজ্ঞপ্তি**

তারিখ : ০২ ফেব্রুয়ারি ২০২২

নং **২৬.০০.০০০০.১০০.৪২.০২৯.২০-২০**—এতদ্বারা, রপ্তানি নীতি ২০১৮-২০২১ এর অনুচ্ছেদ ৮.১২ অনুসারে 'আইসিটি পণ্য ও সেবা' কে 'বর্ষ পণ্য-২০২২ (Product of the Year-2022)' ঘোষণা করা হলো।

**নাজনীন পারভীন**
উপসচিব।

---

**রেলপথ মন্ত্রণালয়**
**প্রশাসন-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২০ মাঘ ১৪২৮/০৩ ফেব্রুয়ারি ২০২২

নং **৫৪.০০.০০০০.০২৩.০২৭.০০৪.১৬-২৮**—যেহেতু, জনাব মোঃ মফিজ উদ্দিন, প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা-এর বিরুদ্ধে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অফিসে অনুপস্থিত থাকা, কাজে অবহেলা এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের আইনসংগত আদেশ অমান্য করায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী অসদাচরণ এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো হয়। তিনি ০২-০৫-২০১৯ তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন এবং ১৪-০৭-২০১৯ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; এবং

যেহেতু, জনাব মোঃ মফিজ উদ্দিন এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় ন্যায় বিচারের স্বার্থে বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ঘ) বিধি মোতাবেক জনাব মীর আলমগীর হোসেন, উপসচিব (প্রশাসন-৪)-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। গত ২৫-১১-২০২০ তারিখে তদন্ত কর্মকর্তা কর্তৃক তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ মফিজ উদ্দিন, প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা-এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' (Misconduct)-এর অভিযোগ স্বাক্ষ্য প্রমাণ ও তদন্তে প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করেন।

সেহেতু, জনাব মোঃ মফিজ উদ্দিন, প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে আনীত 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও সার্বিক বিষয় পর্যালোচনায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(ক) বিধি অনুযায়ী তাকে 'তিরস্কার' দণ্ডে দণ্ডিত করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ হুমায়ুন কবীর**
সচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশাবলি**

তারিখ : ০৬ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ/১৯ এপ্রিল, ২০২২ খ্রিষ্টাব্দ

**নং বিচার-৭/২-এন-৩১/২০০০-১১৪**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোঃ আমির হোসেন ভূইয়া, জন্ম তারিখঃ ২০-০১-১৯৮৫ খ্রি., পিতা-ফরিদ আহাম্মেদ ভূইয়া, মাতা-লুৎফা বেগম, গ্রাম-আছাদ নগর, ওয়ার্ড নং-০৬, ডাকঘর-মালাপাড়া, উপজেলা-ব্রাহ্মণপাড়া, জেলা-কুমিল্লা। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুমিল্লা জেলার ব্রাহ্মণপাড়া উপজেলার ০৮ মালাপাড়া ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ১৫ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ/২৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ

**নং বিচার-৭/২-এন-১১৯/৭৮(অংশ-১)-১৮০**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম, জন্ম তারিখঃ ২০-০১-১৯৮৪ খ্রি., পিতা-মোহাম্মদ ফজলুল হক, মাতা-রোকেয়া বেগম, গ্রাম-সাগরদিঘী (ইছার চালা), ডাকঘর-লোহানী সাগরদিঘী, উপজেলা-ঘাটাইল, জেলা-টাঙ্গাইল। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে টাঙ্গাইল জেলার ঘাটাইল উপজেলার নবগঠিত সাগরদিঘী ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হইল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ অধিশাখা-২**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ০১ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ/১৫ জুন ২০২২ খ্রিষ্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৩.০৬১.১৯.১৭৩**—The Survey Act, 1875 (১৮৭৫ সনের ৫ম আইন) এর ৩ ধারা এবং The State Acquisiton And Tenancy Act, 1950 (১৯৫১ সনের ২৮ নম্বর আইন) এর ১৪৪ ধারার ১ নম্বর উপ-ধারায় বর্ণিত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক পটুয়াখালী জেলার সদর উপজেলার ইটবাড়ীয়া মৌজার ডিজিটাল পদ্ধতিতে জরিপ আরম্ভ করার প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করা হল।

| ক্রম | মৌজার নাম | জে. এল নম্বর | এরিয়া (একরে) | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ১। | ইটবাড়ীয়া | ৪০ | ৪৯১.৯৩ | পটুয়াখালী সদর | পটুয়াখালী |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**চিত্রা শিকারী**
সিনিয়র সহকারী সচিব।